

বাংলাদেশে ভোক্তা অধিকার প্রতিপালন আইন^{১০} ভেজাল বা নকল পণ্য বিক্রয়, পরিমাপ বা মূল্য নিয়ে গরমিল করার জন্য ৩ বছর পর্যন্ত কারাদণ্ড ও ২ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা ধার্য করে। তারপরও বিবেকহীন ব্যবসায়ীরা টাটকা মাছে বিষাক্ত ফরমালিন মেশানো থেকে বিরত হয় না।

৩. সশরী ভোগ - প্রতিষ্ঠানের কর্তব্য হচ্ছে সশরী ভোগ সম্পর্কে ভোক্তাদের সচেতন করা যাতে তারা সেই তথ্যসাপেক্ষে ক্রয় সম্পর্কে সিদ্ধান্ত নিতে পারে এবং একটি টেকসই জীবনযাত্রা নির্বাচন করতে পারে। যেমন, স্টারবাক শতভাগ ন্যায্য-বাণিজ্যের অভিজ্ঞান পাওয়া কফি বিক্রি করে এবং দোকানের পোস্টার ও ফ্লায়ারস এর মাধ্যমে ক্রেতাদের ন্যায্য-বাণিজ্যের অর্থ সম্পর্কে জানায়।^{১১}
৪. ভোক্তাদের সেবা, সমর্থন ও বিরোধ সমাধান - ভোক্তাদের কাছে পণ্য বিক্রয় বা সেবা দানের পরও প্রতিষ্ঠানের কিছু দায়িত্ব থাকে। তার মধ্যে পড়ে বিশেষায়িত পণ্যের ক্ষেত্রে, সেলস ওয়ারেন্টি ও শর্তসাপেক্ষে পণ্য ফেরত দেয়া। পণ্য সম্পর্কিত কোনো সমস্যা বা বিতর্কের সমাধানের জন্য কিংবা ক্রেতার সাথে স্পষ্ট যোগাযোগ বিধানের জন্য একটি সুস্পষ্ট ও বোধগম্য প্রক্রিয়া থাকা উচিত।
৫. ভোক্তাদের তথ্যের সুরক্ষা ও গোপনীয়তা - ভোক্তার ব্যক্তিগত তথ্য আগলে রাখাটা শুধুমাত্র আইন মানার জন্যই করা হয় না, বরং এটা একটি ভালো ব্যবসায়িক চর্চা। যদি ভোক্তাদের মনে সন্দেহ জাগায় যে প্রতিষ্ঠানটি তাদের তথ্য রক্ষিত রাখছে না, যেমন, তাদের ব্যক্তিগত তথ্য অন্যের কাছে বিক্রি করে দেয়া হচ্ছে, সেই প্রতিষ্ঠানটির প্রতি তাদের বিশ্বাস ভঙ্গ হয়ে যাবে ও ব্যবসাটি লোকসানে পড়ে যাবে।
৬. জরুরি সেবার সুযোগ - যেসকল প্রতিষ্ঠান জরুরি সেবা প্রদান করে, যেমন গ্যাস, বিদ্যুৎ, পানি, পয়ঃনিষ্কাশন, তাদের হঠাৎ করে সেবা বন্ধ করে দিতে পারবে না। ভোক্তাদের যথেষ্ট সময় দিতে হবে যাতে করে তারা সেবার মূল্য পরিশোধ করতে পারে, বিবাদ সমাধানের প্রক্রিয়াও স্পষ্ট হতে হবে ও তাদের সমগ্র কার্যধারা পূর্ণ করার সুযোগ দিতে হবে এবং সবশেষে যে কোনো সংযোগ বিচ্ছিন্ন করার আগে তাদের যথেষ্ট সময় দিতে হবে।
৭. শিক্ষা ও সচেতনতা - ভোক্তারা যেসব পণ্য কিনছে তার অপব্যবহারজনিত কোনো প্রকার সম্ভাব্য বিপদ থাকলে সেই সম্পর্কে তথ্য দেয়াটা প্রতিষ্ঠানসমূহের নৈতিক দায়িত্ব।

^{১০} ভেজাল ও নকল পণ্য বিক্রয় সংক্রান্ত ভোক্তা অধিকার প্রতিপালন আইন, ২০০৯।

<https://lawlib.wlu.edu/lexopus/works/297-1.pdf>

^{১১} <http://goodsense.nu/2010/03/06/4242/>